**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 11-08-2025** **Desk in Charge : SDG**
**Time: 7.50 P.M** **Compiling : NBR**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকায় গরমিলের অভিযোগে চার আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাচন কমিশন যে নির্দেশ দিয়েছিল, তার প্রেক্ষিতে রাজ্য সরকার জানিয়েছে, অভিযুক্তদের বিরুদ্ধে অভ্যন্তরীণ তদন্ত শুরু হয়েছে। # ভোট সংক্রান্ত কাজ থেকে সরিয়ে দেওয়া হয়েছে দুজন-কে ।

২/ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আজ শালবনীতে আটশো মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন আরও দুটি নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং একটি দুর্গাঙ্গন তৈরির প্রস্তাব গৃহীত।

# সরকার, কলকাতা পুরসভা এলাকায় ছোট বাড়ি তৈরির ক্ষেত্রে অনুমতি দেবে বলে জানিয়েছে।

৩/ মালদা জেলার বন্যা কবলিত ব্লকে সমস্ত সরকারি কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে। একইসঙ্গে বাতিল করা হয়েছে ব্লক স্বাস্থ্য কর্মীদের ছুটিও।

৪/ রাজ্যে প্রথম বাতানুকূল EMU লোকাল ট্রেন পরিষেবা আজ বাণিজ্যিকভাবে শুরু হয়েছে।

৫/ স্বাধীনতা সংগ্রামী, বিপ্লবী, ক্ষুদিরাম বসুর ১১৮-তম আত্মবলিদান দিবসে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে।

******************************************************************************

ভোটার তালিকায় গরমিলের অভিযোগে চার আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাচন কমিশনের নির্দেশের প্রেক্ষিতে রাজ্য সরকার, অভ্যন্তরীণ তদন্ত শুরু করেছে। গত ৫ ও ৮'ই আগস্ট নির্বাচন কমিশন এসংক্রান্ত যে চিঠি দিয়েছিল, তার ভিত্তিতেই রাজ্যের পদক্ষেপ। মুখ্যসচিব মনোজ পন্থ আজ নির্বাচন কমিশনকে পাঠানো চিঠিতে জানিয়েছেন, অভিযোগের পাশাপাশি ভোটার তালিকা সংশোধন প্রক্রিয়া, পদ্ধতি ও কার্যপ্রণালীরও বিস্তৃত পর্যালোচনা করা হবে।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, বিস্তারিত তদন্তের আগে কঠোর পদক্ষেপ গ্রহণ করলে তা' দীর্ঘদিন ধরে সততা ও দক্ষতার সঙ্গে কাজ করা আধিকারিকদের মনোবল ভেঙে দিতে পারে। একইসঙ্গে, এই ধরনের পদক্ষেপ নির্বাচনী দায়িত্ব ও প্রশাসনিক কাজে যুক্ত বৃহত্তর দলকেও প্রভাবিত করতে পারে।

তবে, প্রাথমিক পদক্ষেপ হিসেবে, ময়না কেন্দ্রের AERO সুদীপ্ত দাস এবং বারুইপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের ডেটা এন্ট্রি অপারেটর সুরজিৎ হালদারকে ভোটার তালিকা সংশোধন সহ নির্বাচন সম্পর্কিত যাবতীয় দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে বলে মুখ্যসচিব জানিয়েছেন। তিনি জানান, তদন্ত সম্পন্ন হওয়ার পর বিস্তারিত 'অ্যাকশন টেকেন রিপোর্ট', নির্বাচন কমিশনে পাঠানো হবে।

*******************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- SIR সংক্রান্ত অভিযোগ নিয়ে নতুন দিল্লিতে আজ নির্বাচন কমিশনের দফতর ঘেরাও-এর কর্মসূচি নিয়ে শাসক ও বিরোধী দলের মধ্যে চাপান-উতোরে রাজনৈতিক পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

তাদের শান্তিপূর্ণ কর্মসূচির উপর পুলিশ হামলা চালিয়ে গণতন্ত্রের কণ্ঠরোধ করতে চাইছে বলে বিরোধীদের অভিযোগ।

অন্যদিকে সরকারপক্ষ, নির্বাচন কমিশন এবং সুপ্রিম কোর্টের মতো সাংবিধানিক প্রতিষ্ঠানগুলির ভাবমূর্তি নষ্টের প্রসঙ্গ তুলে বিরোধীদের সমালোচনা করেছে। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু নতুন দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে বলেন, নির্বাচন কমিশন আজ ৩০ জন বিরোধী সাংসদকে সাক্ষাতের অনুমতি দিলেও, তাঁরা তাতে রাজী

হয়নি। শ্রী রিজিজু অভিযোগ করেন, বিরোধী দলগুলি একটিমাত্র বিষয় নিয়ে রোজ রোজ সংসদের সময় নষ্ট করছে, যা কিছুতেই মানা যায়না।

অন্যদিকে কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, ভোট ব্যাঙ্ক হারানোর ভয়েই তৃণমূল কংগ্রেস সহ বিরোধীরা SIR-এর বিরোধিতা করছে।

( বাইট- সুকান্ত SIR )

********************

রাজ্যে ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটাতে সরকার, পশ্চিম মেদিনীপুরের শালবনীতে আটশো মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন আরও দুটি নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নিয়েছে। নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়েছে। বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে তৈরি এই কেন্দ্র দুটির জন্য দরপত্র ডাকা হবে। মুর্শিদাবাদের সাগরদিঘীতে নবনির্মিত ৬০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্রটি কিছুদিনের মধ্যেই চালু হয়ে যাবে বলে তিনি জানান।

এদিকে, বাংলার দুর্গাপুজো ইউনেস্কোর স্বীকৃতি মেলার পরে সারা বছর দেশ বিদেশের পর্যটকদের সামনে এর ঐতিহ্য তুলে ধরতে একটি দুর্গাঙ্গন তৈরির প্রস্তাবও আজকের বৈঠকে গৃহীত হয়েছে। এইজন্যে হিডকো ও পর্যটন দপ্তরকে নিয়ে একটি ট্রাস্ট তৈরি করা হবে। তাদের পক্ষ থেকে প্রস্তাব পাঠানো হলে, রাজ্য সরকার জমি দেবে বলে মন্ত্রী জানান। আজকের বৈঠকে, স্বাস্থ্য-আবাসন সহ বিভিন্ন দপ্তরে নতুন পদ সৃষ্টি ও নিয়োগ সহ মোট ৬৩২ টি ছাড়পত্র দেওয়া হয়েছে।

********************

রাজ্য সরকার, কলকাতা পুরসভা এলাকায় ছোট বাড়ি তৈরির ক্ষেত্রে অনুমতি দেবে বলে জানিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকের পরে মেয়র ফিরহাদ হাকিম জানান, সর্বনিম্ন হাফ কাঠা থেকে সর্বোচ্চ তিন কাঠা পর্যন্ত জমির উপরে বাড়ি তৈরির জন্যে অনুমতি চেয়ে অনলাইনে আবেদন করলে পুরসভা যাবতীয় সমীক্ষার কাজ শেষ করে পনেরো দিনের মধ্যেই তার অনুমতি দেবে।

(বাইট- ফিরহাদ)

********************

আদিবাসী সহ সকল ভুমিহীনকে জমির পাট্টা প্রদান সহ ৭ দফা দাবীতে সর্বভারতীয় জন অধিকার সুরক্ষা কমিটির রাজ্য শাখা আজ আন্তর্জাতিক আদিবাসি দিবস উপলক্ষ্যে রাজ্যপাল সিভি আনন্দ বোসের কাছে স্মারকলিপি জমা দেন। রাজ্য কমিটির সভাপতি পরিমল হাঁসদা সহ অন্যান্য কর্মকর্তারা প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন। গরীব মানুষের বিভিন্ন সমস্যার সমাধানের লক্ষ্যেই এই উদ্যোগ বলে জানানো হয়েছে।

********************

রাজ্য বিধানসভার প্রাক্তন উপাধ্যক্ষ তথা টানা আট বারের বাম বিধায়ক কৃপাসিন্ধু সাহার জীবনাবসান হয়েছে। হুগলির চুঁচুড়ায় আজ তাঁর নিজের বাসভবনে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে বয়স হয়েছিল ৯১ বছর।

উল্লেখ্য, একটানা আটবার তিনি জেলার ধনিয়াখালি বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছিলেন। ২০০২ থেকে ২০০৬ সাল পর্যন্ত তিনি বিধানসভার উপাধ্যক্ষ পদের দায়িত্ব সামলান।

********************

রাজ্যে প্রথম বাতানুকূল ই এম ইউ লোকাল ট্রেন পরিষেবা আজ বাণিজ্যিকভাবে শুরু হয়েছে। রানাঘাট ও শিয়ালদার মধ্যে এই লোকাল ট্রেনের সর্বনিম্ন ভাড়া ৩৫ টাকা এবং সর্বোচ্চ ১২০ টাকা ধার্য করা হয়েছে। প্রাথমিকভাবে একটি রেক দিয়ে পরিষেবা চালানো হচ্ছে। পরে যাত্রী চাহিদা বৃদ্ধি পেলে রেকের সংখ্যা আরও বাড়ানো হবে।

********************

পূর্ব রেলওয়ের হাওড়া ডিভিশন আজ সকালে নতুন ডিআরএম ভবন থেকে একটি ঘরে ঘরে তিরঙ্গা কর্মসূচীর অধীনে - সাইকেল ও বাইক র‍্যালি আয়োজন করে| অনুষ্ঠানে হাওড়ার ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা এবং রেল কর্মীরা যোগ দেন। র‍্যালিতে সাইকেল চালক এবং বাইকাররা ত্রিবর্ণরঞ্জিত পতাকা বহন করে শহর জুড়ে ঐক্য, দেশপ্রেমের বার্তা দেন। বামনগাছির কেন্দ্রীয় বিদ্যালয়ে আজ একটি তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত হয়।

********************

প্রাথমিকে কর্মরত ৩২ হাজার শিক্ষকের চাকরী বাতিল সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টে শুনানির সময় ফের উঠলো যোগ্য-অযোগ্য বাছাই করার প্রশ্ন।

বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি ঋতব্রত কুমার মিত্রর ডিভিশন বেঞ্চ কর্মরত শিক্ষকদের আইনজীবির উদ্দেশে জানতে চান, কারা বেআইনিভাবে চাকরী পেয়েছেন এবং কারা পাননি, কিভাবে তা' বাছাই করা হবে।

উল্লেখ্য, বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় এর আগে এই যোগ্য-অযোগ্য দ্বন্দ্বের কারণেই ৩২ হাজার প্রাথমিক শিক্ষকের চাকরী বাতিলের নির্দেশ দেন।

*******************

উত্তরপ্রদেশের নয়ডার পর এবার কলকাতার বেলেঘাটাতেও, নকল থানার হদিস মিললো। পুলিশ সূত্রে খবর, প্রাক্তন তৃণমূল কংগ্রেস নেতা এবং শিক্ষক নিয়োগ কেলেঙ্কারিতে অভিযুক্ত বিভাস অধিকারী এই থানাটি খুলেছিল। উত্তর প্রদেশ পুলিশ তাকে আগেই গ্রেপ্তার করেছিল।

স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, একমাস আগে দুটি ফ্ল্যাট ভাড়া নিয়ে এই ভুয়ো থানা খোলা হয়। এই ফ্ল্যাটে কিছুদিন আগে বিভাস অধিকারী নিজেকে আন্তর্জাতিক মানবাধিকার কমিশনের সদস্য বলে দাবী করে একটি বোর্ড টানায়। পরে পুলিশ এসে সেটি খুলে দেয়।

*******************

মালদা জেলার বন্যা কবলিত ব্লকে সমস্ত সরকারি কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে। একইসঙ্গে বাতিল করা হয়েছে ব্লক স্বাস্থ্য কর্মীদের'ও। জেলাশাসক নীতিন সিঙ্ঘানিয়া আজ এব্যাপারে BDO-এর নির্দেশ দেন।

আগেই জানানো হয়েছে, মালদায় গঙ্গা ও ফুলহার নদীর জল চরম বিপদসীমার উপর দিয়ে বইতে শুরু করেছে। এর ফলে জলবন্দী রতুয়া ১ নম্বর ব্লকের বিলাইমারি ও মহানন্দটোলা গ্রাম পঞ্চায়েতের মানুষ। সেচ দপ্তর সূত্রে খবর, দুই গ্রাম পঞ্চায়েতের ১০-১১-টি বুথ জলমগ্ন। কৃষি জমি, মহানন্দটোলা উপ-স্বাস্থ্য কেন্দ্র, বেশকিছু প্রাথমিক বিদ্যালয় জলমগ্ন। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত মহানন্দটোলা গ্রাম পঞ্চায়েতের বঙ্কুটোলা, রাজকিশোরটোলা, সম্বলপুর, জগবন্ধু টোলা, বোধনটোলা, গোবিন্দপুর, পশ্চিম রতনপুর।

*******************

জলপাইগুড়ির ওপর দিয়ে বিস্তৃত মৌসুমী অক্ষরেখার কারণে আগামী বুধবার পর্যন্ত উত্তরবঙ্গের উত্তরের জেলা গুলিতে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। অন্যদিকে, আগামী **১৩** তারিখে পশ্চিমমধ্য বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে এর ফলে আগামীকাল থেকে উপকূলীয় জেলা গুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট- সৌরীশ)

********************

স্বাধীনতা সংগ্রামী, বিপ্লবী, ক্ষুদিরাম বসুর **১১৮**-তম আত্মবলিদান দিবসে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। স্বৈরাচারী, অত্যাচারী ইংরেজ শাসনের বিরুদ্ধে এবং পরাধীনতার শৃঙ্খল থেকে দেশকে মুক্ত করতে **১৮** বছরের তরুণ ক্ষুদিরাম বসু স্বাধীনতা আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিলেন।

**পশ্চিম মেদিনীপুরের** কেশপুর ব্লকের মোহবনি গ্রামে ক্ষুদিরাম বসুর পৈত্রিক ভিটেতে দিনটি যথাযথ মর্যাদার সঙ্গে পালন করা হয়। মেদিনীপুর শহরের হবিবপুরে তাঁর জন্মভিটেতেও নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ক্ষুদিরামের আত্মবলিদান দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

********************

রেড রোডে স্বাধীনতা দিবসের ষষ্ঠ দিনের কুচকাওয়াজের মহড়া চলার সময় ৬ জন স্কুল পড়ুয়া অসুস্থ হয়ে পড়লে তাদেরকে SSKM হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তাদের অবস্থা স্থিতিশীল বলে কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল জানিয়েছে।

********************

কলকাতা ফুটবল লিগের প্রিমিয়ার ডিভিশনে জয় পেয়েছে মহামেডান স্পোর্টিং ক্লাব। আজ কল্যাণী স্টেডিয়ামে গ্রুপ বি-তে সার্দান সমিতিকে ২-১ গোলে পরাজিত করেছে মহামেডান। মহামেডানের হয়ে শুভেন্দু মল্লিক এবং মাহারাবাম মাক্সিওন একটি করে গোল করেছেন, সাদার্ন সমিতির হয়ে একমাত্র গোল করেছেন সোয়েল আলি ওয়াহাব।

**********************************************************************